

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৬-৩৩৬৩

তারিখ: ০৬.০৪.২০২০খ্রি.

বিষয় : প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মচারীদের মার্চ/২০২০ মাসের বেতন প্রদান সংক্রান্ত।

করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব জনিত কারণে ২৬.০৩.২০২০ খ্রি. তারিখ হতে সরকার সাধারণ ছুটি ঘোষণার পরিপ্রেক্ষিতে ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে পল্লী সঞ্চয় ব্যাংক-এর কর্মচারীদের মার্চ/২০২০ মাসের বেতনভাতাদি প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের কর্মচারীদের মার্চ মাসের বেতন এপ্রিল মাসের ০১/০২ তারিখের মধ্যে হিসাবরক্ষণ কার্যালয়ের মাধ্যমে প্রদানের সুযোগ থাকলেও অনেক স্থানে উপজেলা সমন্বয়কারীগণ তাঁদের বেতন প্রদানের ব্যবস্থা গ্রহণ করেননি। যা অমানবিক ও অনভিপ্রেত। বিষয়টি মানবিক দৃষ্টিতে বিবেচনা করে করোনা ভাইরাস সম্পর্কে সতর্ক থেকেও প্রকল্পের কর্মচারীদের বেতনভাতাদি প্রদান করা সম্ভব ছিল। উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ের মাধ্যমে অন্যান্য সরকারি অফিস এ সময়ে বেতন প্রদানের ব্যবস্থা করেছে। এ প্রেক্ষাপটে যত তাড়াতাড়ি সম্ভব উপজেলা নির্বাহী অফিসার ও জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসারের সাথে যোগাযোগ করে প্রকল্পের কর্মচারীদের মার্চ/২০২০ মাসের বেতনভাতাদি প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

বিষয়টি মানবিক ও অতীব জরুরি।


৬.৪.২০২০
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প
ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

- ১। জেলা সমন্বয়কারী (সকল), আবাআখা প্রকল্প।
- ২। উপজেলা সমন্বয়কারী (সকল), আবাআখা প্রকল্প।

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;
৩. জেলা প্রশাসক, -----;
৪. উপজেলা নির্বাহী অফিসার, -----;
৫. জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার-----;
৬. উপপরিচালক, বিআরডিবি-----;
৭. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,-----উপজেলা;
৮. সংশ্লিষ্ট নথি।